

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮১

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ১৭. সচ্ছল ব্যক্তির জন্য কোনো কিছু চাওয়ার ক্ষেত্রে বাড়াবাড়ি করা

بَابِ التَّشْدِيدِ عَلَى مَنْ سَأَلَ وَهُوَ غَنِيٌّ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ وَهْبِ بْنِ مُنَبِّهٍ عَنْ أَخِيهِ عَنْ مُعَاوِيَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا تُلْحِفُوا بِي فِي الْمَسْأَلَةِ فَوَاللَّهِ لَا يَسْأَلُنِي أَحَدٌ شَيْئًا فَأُعْطِيَهُ وَأَنَا كَارِهٌ فَيُبَارَكَ لَهُ فِيهِ

বাংলা

১৬৮১. মুআবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "তোমরা আমার নিকট কোনো কিছু চাওয়ার ক্ষেত্রে পীড়াপীড়ি করবে না। কেননা, আল্লাহর কসম, তোমাদের কেউ আমার কাছে এমন জিনিস চাইবে, যা আমি অপছন্দনীয় করি, আর আমি তাকে তা দেব, তাহলে আল্লাহ্ তা'আলা তাতে বরকত দেবেন না।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মসলিম , যাকাত ১০৩৮; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৩৮৯ ও মুসনাদুল হুমাইদী নং ৬১৫ তে। আর এর শাহিদ হাদীস রয়েছে যা সামনে ১৬৯০ ও ২৭৯৩ (অনূবাদে ১৬৮৬) নং এ আসছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবন আবু সুফিয়ান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন